

হরি ঘোষ ষ্টিট

ভেঙে যাওয়া সম্পর্কের খুব কাছে পড়ে থাকে হরি ঘোষ ষ্টিট  
বৃষ্টিতে জল জমে, কাদা হয়, খুব স, মডেলের কোমর যেমত  
এই পথে হেঁটে হেঁটে কিশোরীরা অনায়াসে বড় হয়ে যেত  
ঘুরে ফিরে আমরাও কতবার এসেছি যে, রাখিনি হৃদিস

সম্পর্কের ভিতরেই কোথাও না কোথাও ঠিক থেকে যাবে হরি ঘোষ ষ্টিট  
আলো নেই, বাতাসও অকিঞ্চন, সন্দেহভাজন পথচারী  
অলক্ষ্যে এখানেই গা ঢাকে দালাল, বুকি, আর যারা অবিম্‌ষ্যকারী  
যাবতীয় ষড়যন্ত্র এখানেই সারা হয় যা কিছু অরাজনৈতিক

আত্মীয়তার কাছে ঘাপটি মেরে পড়ে থাকে নাম না জানা হরি ঘোষ ষ্টিট  
অনেকেই এখানে থাকে, কেউ কিন্তু জানে না ঠিকানা  
বিবাহ পুরনো হলে আর কি জরি থাকে অন্যজন ভালোবাসে কিনা  
অনিবার্য হয়ে ওঠে নাম না জানা রাস্তা এই হরি ঘোষ ষ্টিট

প্রবালকুমার বসু

